# লাক্সারি হাই শীন

## বর্ণনা

এটি একটি ওয়াটার-বেইসড ১০০% বিশুদ্ধ এক্রিলিক ইন্টেরিয়র ওয়াল ফিনিস যা ঘরের অভ্যন্তরে একটি নরম আভা এবং মসৃণতা বিদ্যমান রেখে একটি সিল্কি চকচকে ফিনিস প্রদান করে। এটি আপনার দেয়ালে অভিজাত ফিনিশ এবং চমৎকার সিল্কি গ্লোয়িং হলমার্ক প্রদান করে। এই পণ্যটি পরিষ্কার করা সহজ এবং বছরের পর বছর ধরে দাগমুক্ত থাকে।

## বৈশিষ্ট্য এবং উপকারিতা

- চমৎকার সিল্কি ফিনিশ প্রদান করে।
- চকচকে
- ছত্রাক, ভারী ধাতু যেমন সীসা, পারদ, ক্রোমিয়াম ইত্যাদি প্রতিরোধী
- মনোমুগ্ধকর শেডে পাওয়া যায়।

## ব্যবহার

সমস্ত বাহ্যিক/অভ্যন্তরীণ প্রাচীর, সিমেন্ট প্লাস্টার, কংক্রিট পাথর, ইট, অ্যাসবেস্টস এবং সমস্ত ধরণের বিল্ডিং বোর্ড।

## প্রযুক্তিগত বৈশিষ্ট্য

| | |
|---|---|
| বাইন্ডার | পিউর এক্রিলিক ইমালশন |
| পিগমেন্টেশন | টাইটানিয়াম ডাইঅক্সাইড এবং মিনারেল এক্সটেন্ডার |
| কালারেন্ট | ইউনিভার্সাল কালারেন্ট |
| সলভেন্ট | পানি |
| সলিড বাই ওয়েট | ৫০% |
| সান্দ্রতা | ৫-৬ হাজার মিলিপ্যাসকেল সেকেন্ড |
| আপেক্ষিক ঘনত্ব | ১.১৫-১.২৫ গ্রাম/সি.সি. |
| কাভারেজ | ১৬০-১৭০ ফিট ২/লিটার/কোট |
| | (সারফেসের উপর নির্ভরশীল) |
| দাহ্যতা | অদাহ্য |
| টাচ ড্রাই | ৩০ মিনিট (৩০° সেলসিয়াসে) |
| হার্ড ড্রাই | ২৪ ঘন্টা (রিকোট) |
| ক্লিন আপ সলভেন্ট | পানি |
| থিনার | পরিষ্কার পানি |
| শীন ৬০° ভ্যালু | সেমি গ্লসি |
| শেড/কালার | মুন স্টার শেড কার্ড, কালার চয়েস শেড কার্ড এবং যেকোনো কাস্টমাইজড শেড কার্ড অনুযায়ী। |

## স্থান প্রস্তুতি

রং করার স্থান অবশ্যই শুকনো এবং পরিষ্কার হতে হবে এবং একইসাথে ধুলো-ময়লা, তেল, ছত্রাক, লবণাক্ততা এবং পুরনো রং মুক্ত হতে হবে। নতুন দেয়ালের ক্ষেত্রে অবশ্যই দেয়ালকে সম্পূর্ণ শুকনো হতে হবে। এরপর দেয়াল পাথর দিয়ে ঘষে নিতে হবে। দেয়াল আর্দ্রতা মুক্ত কিনা তা নিশ্চিত হতে হবে। শুকানোর পর আস্তর হিসেবে এক কোট মুনষ্টার ওয়াটার বেইসড সিলার প্রয়োগ করুন। ৬-৮ ঘন্টা পর যখন সিলার শুকিয়ে যাবে তখন দেওয়ালের পরিস্থিতি পর্যবেক্ষণ করুন। এরপর প্রয়োজনমাফিক মুনষ্টার ওয়ালপাট্টি প্রয়োগ করুন যাতে দেওয়াল সমতল হয়। যদি দেওয়ালে লবণাক্ততা বিরাজমান থাকে তবে মুনষ্টার সল্ট সিলার প্রয়োগ করুন। ২৪ ঘন্টা শুকানোর পর শিরিষ কাগজ দিয়ে ঘষে আরেক কোট সিলার লাগানোর মাধ্যমে স্থান প্রস্তুত করুন।

## প্রয়োগ পদ্ধতি

পাত্র খোলার পর ভালোভাবে নাড়ুন। এটি ব্রাশ, রোলার বা স্প্রে দিয়ে প্রয়োগ করা যায়।

## পাতলা করার পদ্ধতি

**ব্রাশের জন্য** : পেইন্ট : পানি = ২ : ১ (আয়তন অনুসারে)

**রোলারের জন্য** : পেইন্ট : পানি= ৩ : ১ (আয়তন অনুসারে)

মাত্রাতিরিক্ত পাতলা হলে গুণমান নিশ্চিত করা যাবে না। ফাইনাল ফিনিশিং এর জন্য দুটি কোটই যথেষ্ট। ৬ ঘন্টা পরে পরবর্তী কোট প্রয়োগ করুন। যত তাড়াতাড়ি সম্ভব পানি-মিশ্রিত পেইন্ট প্রয়োগ করুন এবং ব্যবহৃত উপকরণগুলি ধুয়ে ফেলুন।

## প্যাকিং সাইজ

১৮.২ লিটার।

৩.৬৪ লিটার।

০.৯১ লিটার।

## সতর্কতা

- শিশুদের থেকে দূরে রাখুন।
- যদি চোখে প্রবেশ করে তবে প্রচুর পানি দিয়ে ধুয়ে ফেলুন।
- ইমালসন-ভিত্তিক উপাদান যা ঠান্ডা, তাপ বা সূর্যালোক থেকে দূরে রাখুন।
- এটি স্বাভাবিক ব্যবহারের ক্ষেত্রে অ-দাহ্য।
- প্রয়োগ এবং শুকানোর সময় পর্যাপ্ত বাতাস চলাচল নিশ্চিত করুন দীর্ঘক্ষণ ধরে ত্বকের সংস্পর্শ এড়িয়ে চলা উচিত।